যুগান্তর

31 MAY 2017

# সহকারী শিক্ষা পরিদর্শক ঘুষসহ দুদকের হাতে গ্রেফতার

যুগান্তর রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরের সহকারী শিক্ষা পরিদর্শক মোস্তাফিজুর রহমানকে ঘুষের টাকা গ্রহণের সময় হাতেনাতে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মঙ্গলবার বিকালে রাজধানীর পল্টনের পলওয়েল মার্কেট এলাকা থেকে ঘুষের দুই লাখ টাকাসহ তাকে হাতেনাতে গ্রেফতার করা হয়। পরে তল্লাশি করে তার কাছ থেকে আরও ৯৮ হাজার টাকা উদ্ধার করে দুদক। এ ঘটনায় মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে পল্টন থানায় একটি মামলা করা হয়েছে। পরে তাকে পল্টন থানায় সোপর্দ করা

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৮

## শিক্ষা পরিদর্শক ঘুষসহ গ্রেফতার

(শেষ পৃষ্ঠার পর)

হয়। এ বিষয়ে পল্টন থানার এএসআই কল্যাণ বড়ুয়া যুগান্তরকে বলেন, সহকারী শিক্ষা পরিদর্শক মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে দুদকের সহকারী পরিচালক নূরে আলম বাদী হয়ে মামলা করেছেন। মামলার পর মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

দুদক সূত্র জানায়, পিরোজপুরের নাজিরপুর উপজেলার পঞ্চগ্রাম সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে ওই বিদ্যালয়ের অনুকূলে প্রতিবেদন দিতে তিন লাখ টাকা ঘুষ দাবি করে সহকারী পরিদর্শক মোস্তাফিজুর রহমান। এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক রঞ্জিত কুমার বৈরাগী দুদকে লিখিত অভিযোগ করেন। পরে দুদকের পরিচালক নাসিম আনোয়ারের নেতৃত্বে ১১ সদস্যের টিম পলওয়েল মার্কেট এলাকা থেকে ঘুষের টাকা গ্রহণের সময় দুই লাখ টাকাসহ মোস্তাফিজুরকে গ্রেফতার করে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর